

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৭, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্নীতি দমন কমিশন

প্রজ্ঞাপন

নং দুদক/প্রশাঃ ও লজিঃ/১৬/২০১৬ (অংশ-১)/৩৭২৯০, তারিখ : ১১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

দুর্নীতি দমন কমিশনের পতাকা ব্যবহার নীতিমালা, ২০১৭

১। শিরোনাম ও কার্যকরের তারিখ :

- (ক) এই নীতিমালা 'দুর্নীতি দমন কমিশনের পতাকা ব্যবহার নীতিমালা, ২০১৭' নামে অভিহিত হবে।  
(খ) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২। সংজ্ঞা :

- (ক) 'দুদক পতাকা' অর্থ দুর্নীতি দমন কমিশনের পতাকা, যা সংক্ষেপে 'দুদক পতাকা' হিসাবে ব্যবহৃত হবে।  
(খ) 'কমিশন' অর্থ দুর্নীতি দমন কমিশন।  
(গ) 'মনোগ্রাম' অর্থ দুর্নীতি দমন কমিশনের অনুমোদিত মনোগ্রাম।

৩। 'দুদক পতাকা'র আয়তন ও বর্ণনা :

'দুদক পতাকা' আকাশী নীল রং-এর হবে এবং ১০ : ৬ দৈর্ঘ্য ও প্রস্থের আয়তক্ষেত্রের মাঝখানে দুদক মনোগ্রামযুক্ত থাকবে।

(ক) 'দুদক পতাকা'র রং :

'দুদক পতাকা' আকাশী নীল পটভূমি হবে প্রতি হাজারে ক্রেসিয়ন ব্রিলিয়ান্ট স্কাই গ্রীন এইচ-২ আর. এস ৫০ পার্টস।

(খ) ভবনে ব্যবহারের জন্য 'দুদক পতাকা'র আয়তন :

(অ) ১০' × ৬'

(আ) ৫' × ৩'

( ১৭৯০১ )

মূল্য : টাকা ৪.০০

- (গ) গাড়িতে ব্যবহারের জন্য 'দুদক পতাকা'র আয়তন :  
 (অ) ১৫" × ৯" (বড় গাড়ির জন্য)।  
 (আ) ১০" × ৬" (ছোট বা মাঝারি গাড়ির জন্য)।
- (ঘ) দ্বিপাক্ষিক কনফারেন্সে টেবিলে ব্যবহারের জন্য 'দুদক পতাকা'র আয়তন :  
 (অ) ১০" × ৬"
- ৪। যে সকল উপলক্ষ্যে 'দুদক পতাকা' উত্তোলিত হবে :
- (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পতাকা বিধিতে উল্লেখিত নির্ধারিত দিবসসমূহে বিধি মোতাবেক জাতীয় পতাকার বাম পার্শ্বে একটু নিচুতে 'দুদক পতাকা' উত্তোলিত হবে।
- (খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পতাকা বিধিতে উল্লেখিত নির্ধারিত দিবসসমূহে বিধি মোতাবেক জাতীয় পতাকার বাম পার্শ্বে একটু নিচুতে 'দুদক পতাকা' অর্ধনমিত থাকবে।
- ৫। কমিশন ভবন, অফিসিয়াল বাসস্থান, মোটরযান প্রভৃতিতে 'দুদক পতাকা'র ব্যবহার :
- (ক) দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, সমন্বিত জেলা কার্যালয় এবং কমিশন কর্তৃক নির্ধারিত ভবনসমূহে সকল কর্মদিবসে বাংলাদেশের পতাকার বাম পার্শ্বে একটু নিচুতে 'দুদক পতাকা' উত্তোলন করা হবে।
- (খ) দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও কমিশনার তাদের মোটরগাড়ি ও জলযানে 'দুদক পতাকা' উত্তোলন করার অধিকারী হবেন।
- ৬। 'দুদক পতাকা'র সম্মান বজায় রাখা :
- (ক) সর্বদা 'দুদক পতাকা'র প্রতি যথাযথ সম্মান ও মর্যাদা প্রদর্শন করতে হবে।
- (খ) জাতীয় পতাকার পাশাপাশি 'দুদক পতাকা' উড়াতে হলে 'দুদক পতাকা' জাতীয় পতাকার বাম পার্শ্বে একটু নিচুতে উড়াতে হবে।
- (গ) 'দুদক পতাকা' দ্বারা মোটরযান, রেলগাড়ী অথবা নৌযানের খোল, সম্মুখভাগ অথবা পেছনের অংশ কোন অবস্থাতেই ঢেকে দেওয়া যাবে না।
- (ঘ) 'দুদক পতাকা' কোন ব্যক্তি বা জড়বস্তুর দিকে নিঃসুম্বী করা যাবে না।
- (ঙ) 'দুদক পতাকা' কখনই এর ক্ষেত্রে নিচের কোন বস্তু যেমন : মেঝে, পানি বা পণ্যদ্রব্য স্পর্শ করবে না।
- (চ) 'দুদক পতাকা' এমনভাবে উত্তোলন, প্রদর্শন, ব্যবহার বা সংরক্ষণ করা যাবে না, যাতে এটি সহজেই ছিঁড়ে যেতে পারে বা যে কোনভাবে ময়লা বা নষ্ট হতে পারে।
- (ছ) কোন কিছু গ্রহণ, ধারণ, বহন বা বিলি করবার নিমিত্ত 'দুদক পতাকা' ব্যবহার করা যাবে না।
- (জ) 'দুদক পতাকা' সম্মানের সাথে উত্তোলন করতে হবে এবং সসম্মানে নামাতে হবে।
- (ঝ) পতাকা উত্তোলন করার সময় জাতীয় পতাকা সবার আগে এবং 'দুদক পতাকা' এরপর উঠাতে হবে। পতাকা নামানোর সময় 'দুদক পতাকা' আগে এবং জাতীয় পতাকা শেষে নামবে।
- (ঞ) মোটরগাড়ি এবং নৌযান ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শুধুমাত্র সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত 'দুদক পতাকা' উত্তোলন করা যাবে।
- ৭। কমিশনের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হ'ল। এটি জারির দিন থেকে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

ড. মোঃ শামসুল আরেফিন  
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
 মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd